



মোঃ ইসমাইল হোসেন এনডিসি  
সচিব  
খাদ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারী পত্র নম্বর: ১৩.০০.০০০০.০১৪.১৮.০০৩.২১.১৭০

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৯  
১৩ জুলাই ২০২২

প্রিয় মোঃ মঞ্জুর-হোসেন  
জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর

আমার শুভেচ্ছা গ্রহণ করবেন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, খাদ্য মন্ত্রণালয় সমন্বিত খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সকল নাগরিকের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে একটি টিম হিসেবে নিরলসভাবে কাজ করে চলেছে। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় খাদ্য মন্ত্রণালয় ২০২০-২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে, যা আমাদের সকলের জন্য সম্মান ও গৌরবের। এ অর্জনে মাঠ পর্যায়ের একজন নিষ্ঠাবান সহকর্মী হিসেবে আপনিও গর্বিত অংশীদার। আপনি জেনে আনন্দিত হবেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ ও পরোক্ষ নির্দেশনা মোতাবেক খাদ্য মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন সকল কর্মকান্ডে মাননীয় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন।

মাননীয় খাদ্যমন্ত্রী এ সম্মানজনক অর্জনের জন্য মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তিনি এ অর্জনের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সকলকে সর্বদা সচেতন থাকার আহ্বান জানিয়েছেন।

মন্ত্রিপরিষদ বিভাগ থেকে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তি এ মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণের জন্য একটি বিরল সম্মাননা। আমি বিশ্বাস করি এ সম্মাননা সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীকে অংশীজন ও সেবাগ্রহীতাদের প্রতি আরও সততা ও দায়িত্বশীলতার সাথে 'জনগণের সেবক' হয়ে কাজ করতে অনুপ্রাণিত করবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাসহ এ মন্ত্রণালয়ের সকল উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে আপনার সক্রিয় অংশগ্রহণ জাতির পিতার স্বপ্ন 'ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত' বাংলাদেশ বিনির্মাণ এবং ২০৪১-এ উন্নত সোনার বাংলাদেশ গড়তে অনুকরণীয় অবদান রাখবে।

আপনি ও আপনার পরিবারের সার্বিক কল্যাণ ও মজল কামনা করছি।

আন্তরিক শুভেচ্ছাসহ,

২৬/০৭/২০২২  
(মোঃ ইসমাইল হোসেন এনডিসি)